দৈনিক ইত্তেফাক

তারিখ 26 NOV 1998

পৃষ্ঠা ২১ কলাম ৪

ইসলামী বিশ্ববিদ্যালয়

# বিএনপিপন্থী শিক্ষকদের দুই গ্রুপে হাতাহাতি

ইসলামী বিশ্ববিদ্যালয়, সংবাদদাতা ॥ গত বুধবার ইসলামী বিশ্ববিদ্যালয়ে বিএনপি সমর্থিত শিক্ষক সংগঠন 'জিয়া পরিষদের' দুই গ্রুপের কোন্দলে হাতাহাতির ঘটনা ঘটিয়াছে। আগামী ৮ ডিসেম্বর অনুষ্ঠিতব্য শিক্ষক সমিতির নির্বাচনকে সামনে রাখিয়া দীর্ঘদিনের অন্তর্কলহ মিটাইতে উক্ত জিয়া পরিষদের এক গ্রুপের নেতা সিনিয়র শিক্ষক প্রফেসর ডঃ আশরাফ আলীর কক্ষে বেলা সাড়ে ১১টার দিকে বৈঠক বসে। বৈঠকের

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে

(শেষ পৃষ্ঠার পর)

শুরুতেই ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ একরামুল হকের (মোশাররফ গ্রুপ) সহিত আল-কোরআন বিভাগের প্রভাষক এয়াকুব আলীর (আশরাফ গ্রুপ) প্রথমে গালি-গালাজ, হাতাহাতি এবং পরে কিলঘুষি বাধিয়া যায়। পূর্ব বিরোধের জের ধরিয়া এই ঘটনা ঘটে বলিয়া বৈঠকসূত্রে জানা গিয়াছে। ব্যাপক হৈ চৈ ও চিৎকার শুনিয়া বহু সংখ্যক শিক্ষক, কর্মচারী বৈঠক স্থলে ছুটিয়া আসিলে ডঃ আশরাফ আলীর হস্তক্ষেপে পরিস্থিতি দৃশ্যতঃ শান্ত হয়। শিক্ষকদের এহেন কর্মকান্ড দেখিয়া গতকাল ক্যাম্পাসে উপস্থিত সকলেই হতবাক হয়।